





সরকারি এডওয়ার্ড কলেজে zoom cloud apps-এর মাধ্যমে অনলাইনে একাডেমিক কাউন্সিলের ৯৪তম সভা অদ্য ০৯/০৭/২০২০ তারিখ বেলা ১২.০০ টা থেকে ২.১৫ টা পর্যন্ত অনুষ্ঠিত হয়। সভায় উপাধ্যক্ষসহ প্রায় সকল বিভাগের বিভাগীয় প্রধানগণ অংশগ্রহণ করেন এবং অনলাইনে সম্পাদিত ক্লাসের প্রতিবেদন স্ব স্ব বিভাগের পক্ষ থেকে উপস্থাপন করেন। অনলাইন ক্লাসের বিষয়ে অধ্যক্ষ মহোদয়ের কঠোর নির্দেশনাকে সকলেই ধন্যবাদ জানান। পরিষ্কার পরিচ্ছন্নতা ও স্বাস্থ্য বিধির বিষয়ে সরকারের এবং অধ্যক্ষ মহোদয়ের নির্দেশনা পুরোপুরি অনুসরণ করা হচ্ছে মর্মে বিভাগীয় প্রধানগণ অধ্যক্ষ মহোদয়কে অবহিত করেন। সার্বিক আইন শৃঙ্খলা পরিস্থিতি ভালো এবং zoom cloud apps, facebook id, website ও youtube-এ আরও বেশি ক্লাস আপলোড করা হবে মর্মে বিভাগীয় প্রধানগণ অধ্যক্ষ মহোদয়কে আশ্বস্ত করেন।

অধ্যক্ষ মহোদয় সকলকে পুরোপুরি স্বাস্থ্য বিধি মেনে সীমিত পরিসরে বিভাগসমূহ প্রতিদিন খোলা রাখা এবং ডেঙ্গুর প্রকোপ থেকে রক্ষার জন্য বিভাগ ও আশপাশে পুরোপুরি পরিষ্কার পরিচ্ছন্ন রাখার নির্দেশনা দেন। অনলাইনে ক্লাস রেকোর্ডিং এর সময় কক্ষ, বোর্ড পরিষ্কার পরিচ্ছন্ন রাখা এবং অফিসিয়াল পোষাকে ক্লাস রেকোর্ডিং করার নির্দেশনা দেন। এসময় অধ্যক্ষ মহোদয় শিক্ষার্থীদের সাথে অনলাইনে শিক্ষকবৃন্দের নিবিড়ভাবে যোগাযোগ স্থাপন এবং অত্র কলেজের শতভাগ শিক্ষার্থীদের অনলাইন ক্লাসে অংশগ্রহণের জন্য শিক্ষকবৃন্দকে প্রাণান্তর চেষ্টা করার আহবান জানান।

পরিশেষে অধ্যক্ষ মহোদয় সকলকে করোনা কালীন সময়ে পুরোপুরি স্বাস্থ্য বিধি মেনে চলার পরামর্শ দেন। কলেজের ক্রমবর্ধমান গৌরবের ধারা অব্যহত রাখার জন্য সকলের সহায়তা কামনা করে এবং সকলের সুস্বাস্থ্য কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।